# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 02-08-2025** **Time: 7.50 PM.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, **পি এম কিষাণ সম্মাননিধি প্রকল্পটি** কৃষক কল্যাণে বিজেপি সরকারের অঙ্গীকারের প্রতিফলন।

২) মৎস্যজীবীদের জন্য কেন্দ্রীয় প্রকল্পগুলি রূপায়ণে রাজ্য সরকার অনেক পিছিয়ে রয়েছে বলে কেন্দ্রীয় মৎস্যমন্ত্রী অসন্তোষ প্রকাশ করেছেন।

৩) নির্বাচন কমিশন বিএলওদের ভাতা দ্বিগুণ করেছে।

৪) বুথস্তরে সাধারণ মানুষের অভাব-অভিযোগের সমাধানের লক্ষে রাজ্য সরকারের উদ্যোগে আজ থেকে আমাদের পাড়া – আমাদের সমাধান এবং দুয়ারে সরকার কর্মসূচীর সূচনা হয়েছে।
বিজেপি এবং সিপিআইএম - এই কর্মসূচীর সমালোচনা করেছে।

৫) আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের ১৬৫-তম জন্মদিনে আজ নানা অনুষ্ঠানে তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা হচ্ছে।

৬) কবি সুভাষ মেট্রো স্টেশন সংস্কারের কারণে নিত্য যাত্রীদের অসুবিধা লাঘবে সরকার বিশেষ শাটল বাস পরিষেবা চালু করছে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, **'পিএম-কিষান সম্মান নিধি'** প্রকল্পটি কৃষক কল্যাণে বিজেপি সরকারের অঙ্গীকারের প্রতিফলন। গত দশ বছরে সরকার কৃষকদের প্রতিটি সমস্যার সমাধানে

পূর্ণ উদ্যমে কাজ করেছে বলেও তিনি উল্লেখ করেছেন। আজ নিজের সংসদীয় ক্ষেত্র বারানসী থেকে **পিএম কিষাণ সম্মান নিধি- PM কিষাণ** প্রকল্পের কিস্তি প্রদান অনুষ্ঠানে শ্রী মোদী বলেন, এখনও পর্যন্ত মোট ৩ লক্ষ ৭৫ হাজার কোটি টাকা কৃষকদের অ্যাকাউন্টে পাঠানো হয়েছে এই প্রকল্পের মাধ্যমে।

বাইট

প্রধানমন্ত্রী আরও একটি নতুন প্রকল্পের কথা এদিন উল্লেখ করেন — 'পিএম ধন ধান্য যোজনা'। এই প্রকল্পের জন্য ২৪ হাজার কোটি টাকা ব্যয় করা হবে, এবং ছোট জেলাগুলোর কৃষকদের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ির রামসাই কৃষিবিজ্ঞান কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার কৃষকদের হাতে **পিএম কিষান যোজনার** চেক তুলে দেন। কৃষকরা এই প্রকল্পে বিশেষভাবে উপকৃত হয়েছেন বলে তাঁরা জানিয়েছেন।

নদীয়ার কল্যানিতে কৃষিবিজ্ঞান কেন্দ্রে বারানসিতে আয়োজিত অনুষ্ঠান সরাসরি দেখানো হয়। উপস্থিত ছিলেন বহু কৃষক, গবেষক ও কৃষিবিজ্ঞান কেন্দ্রের আধিকারিকরা। বর্ধমান কৃষিবিজ্ঞান কেন্দ্র বুদবুদে প্রধানমন্ত্রীর এই অনুষ্ঠান সরাসরি কৃষকদের দেখানোর ব্যবস্থা করা হয়। সেখানে উপস্থিত ছিলেন প্রায় শ' দুয়েক কৃষক।

oooooooooooooooooooo

মৎস্যজীবীদের জন্য কেন্দ্রীয় প্রকল্পগুলি রূপায়ণে রাজ্য সরকার অনেক পিছিয়ে রয়েছে বলে কেন্দ্রীয় মৎস্যমন্ত্রী অসন্তোষ প্রকাশ করেছেন। কলকাতায় আজ এক

সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মৎস্যমন্ত্রী রাজীব রঞ্জন সিং জানিয়েছেন, প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা সহ অন্যান্য প্রকল্পের রূপায়নে রাজ্যের অগ্রগতি মোটেই সন্তোষজনক নয়। এই সমস্ত প্রকল্পের সুবিধা মৎস্যজীবীরা যাতে পায়, তার জন্য কেন্দ্রীয় মন্ত্রী সংশ্লিষ্ট দফতরের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। তিনি জানান, প্রধানমন্ত্রী কিষাণ সমৃদ্ধি যোজনার অধীন জাতীয় মৎস্য উন্নয়ন পর্ষদ মৎস্যজীবীদের নথিভুক্ত করতে একটি পোর্টাল চালু করলেও রাজ্যের ৩২ লক্ষ মৎস্যজীবীর মধ্যে মাত্র ৫১ হাজার নাম নথিভুক্ত করেছে।

এক অনুষ্ঠানে দেশে মাছের উৎপাদন বৃদ্ধিতে রাজ্যগুলির সম্ভাবনাকে পূর্ণমাত্রায় কাজে লাগানোর কথা বলেছেন কেন্দ্রীয় মৎস্যমন্ত্রী রাজীব রঞ্জন সিং।

(বাইট – রাজীব সিং)

আজ কলকাতায় পশ্চিমবঙ্গ, বিহার, ঝাড়খন্ড, ছত্তিশগড় – এই চার রাজ্যের প্রতিনিধিদের সঙ্গে আঞ্চলিকস্তরে বৈঠক করেন তিনি। বৈঠকে মাছ উৎপাদনে রাজ্যগুলির সম্ভাবনা, ঘাটতি, সমস্যা এবং প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা নিয়ে আলোচনা হয়। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, পশ্চিমবঙ্গে মাছ উৎপাদনের বিপুল সম্ভাবনা রয়েছে।

oooooooooooooooooooo

নির্বাচন কমিশন বুথ স্তরের আধিকারিক বিএলও ভাতা দ্বিগুণ করেছে। এছাড়া ভোটার তালিকা তৈরি ও সংশোধনের কাজে নিযুক্ত ব্লক পর্যায়ের সুপারভাইজার দেরও ভাতা বাড়ানো হয়েছে। কমিশন সূত্রে জানানো হয়েছে ব্লক স্তরের আধিকারিকদের বার্ষিক ভাতা ৬০০০ টাকা থেকে বাড়িয়ে বারো হাজার টাকা করা হয়েছে। অন্যদিকে ভোটার তালিকা প্রস্তুতের কাজে নিযুক্ত আধিকারিকদের উৎসাহ ভাতাও ১০০০ টাকা থেকে বাড়িয়ে দুই হাজার টাকা করা হয়েছে। ব্লক স্তরের সুপারভাইজাররা এখন থেকে বছরে ১২০০০ টাকার জায়গায় আঠারো হাজার টাকা পাবেন।

AERO এবং ERO দের এই প্রথম যথাক্রমে ২৫ হাজার এবং ৩০ হাজার টাকা করে সাম্মানিক দেওয়া হবে। বিহারে বিশেষ নিবিড় ভোটার তালিকা সংশোধনে নিযুক্ত ব্লক স্তরের আধিকারিকদের বিশেষ উৎসাহ ভাতা হিসেবে ৬০০০ টাকা করে দেওয়া হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের স্থান বদলের অনুমতি চেয়ে ফের তারা রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। বর্তমান সিইও দফতর বামার লরি ভবনে জায়গার ঘাটতি, অগ্নিনির্বাপণ ব্যবস্থার অপ্রতুলতা সহ বিভিন্ন অসুবিধার কথা উল্লেখ করে স্থান বদলের প্রস্তাব দেওয়া হয়েছে। সম্প্রতি রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে একটি চিঠি পাঠিয়ে সিইও দফতর জানিয়েছে, রাজ্য সরকার যদি নিজের কোনও ভবনে জায়গা না দেয়, তা হলে স্ট্র্যান্ড রোডে অবস্থিত শিপিং কর্পোরেশনের কার্যালয়ে সরে যাওয়ার অনুমতি দেওয়া হোক। ভবিষ্যতের কর্মী নিয়োগ ও দফতরের সম্প্রসারণের স্বার্থে অবিলম্বে স্থানান্তরের দাবি তোলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় নীবিড় সংশোধন নির্বাচন কমিশনের সিদ্ধান্ত, কেন্দ্রীয় সরকারের নয় বলে কেন্দ্রীয় মৎস্যমন্ত্রী রাজীব রঞ্জন সিং জানিয়েছেন। আজ কলকাতায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, নির্বাচন কমিশন নির্দিষ্ট সময় অন্তর এই সংশোধনের কাজ করেই থাকে।

এস আই আর-এর নামে যাতে কোন বৈধ ভোটারের নাম তালিকা থেকে বাদ না যায়, তা সুনিশ্চিত করার দাবি জানিয়েছেন সিপিআইএম দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী। ভোটার তালিকা থেকে ভুয়ো ভোটারদের নাম বাদ দেওয়ারও দাবি

জানান তিনি। রাজ্যের বাইরে থাকা পরিযায়ী শ্রমিকদের বিষয়টিও খেয়াল রাখার অনুরোধ জানিয়েছেন তিনি।

oooooooooooooooooooooooo

বিভিন্ন রাজ্যে বাংলাভাষী ও পরিযায়ী শ্রমিকদের ওপর হেনস্থার অভিযোগ তুলে এবং ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচীর বিরোধিতায় যুব কংগ্রেস আজ রাজভবন অভিযান করে ।

ধর্মতলায় ব্যারিকেড করে পুলিশ মিছিল আটকে দিলে যুব কংগ্রেস কর্মীরা রাস্তায় বসে পড়ে বিক্ষোভ দেখাতে শুরু করেন। বেশ কয়েকজন যুব কংগ্রেস কর্মীকে আটক করে পুলিশ।

oooooooooooooooooooooo

বুথ স্তরে সাধারন মানুষের অভাব অভিযোগ তিন মাসের মধ্যে সমাধানের প্রতিশ্রুতি দিয়ে রাজ্য সরকারের উদ্যোগে আজ **আমাদের পাড়া, আমাদের সমাধান** এর পাশাপাশি **দুয়ারে সরকার** কর্মসূচী শুরু হয়েছে। আজ রাজ্যজুড়ে ৬৩৫টি শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরগুলিতে ১ লক্ষ ৮৪ হাজার ১৮২ জন মানুষ এসেছিলেন বলে সরকারিভাবে জানানো হয়েছে। উল্লেখ্য এই কর্মসূচীতে আগামী তেসরা নভেম্বর পর্যন্ত রাজ্যজুড়ে মোট ২৫ হাজার ৯৮৪টি শিবির আয়োজনের লক্ষ্যমাত্রা রাখা হয়েছে। প্রতিটি বুথের জন্যে খরচ ধরা হয়েছে ১০ লক্ষ টাকা। এইদিকে দেশের মধ্যে এই উদ্যোগ প্রথম বলে উল্লেখ করে রাজ্যের ৮০ হাজারের বেশি বুথের সবকটাতেই এই কর্মসূচী চলবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এক্স হ্যান্ডেলে জানিয়েছেন।

আমার পাড়া আমার সমাধানের নামে রাজ্যের মানুষকে বোকা বানানো হচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের নেতা রাহুল সিনহা আজ বলেন, রাজ্য সরকার বাস্তবে এতদিন মানুষের জন্য কিছুই করেনি।

(বাইট – রাহুল)

নির্বাচনের আগে সরকারী টাকায় তৃণমূল কংগ্রেসকে সাহায্য করার জন্যই এই কর্মসূচী বলে অভিযোগ করেছেন সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী।

(বাইট – সূজন )

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার দুর্গা পুজো কমিটিগুলিকে ১ লক্ষ ১০ হাজার টাকা অনুদান দেবার কথা ঘোষণা করলেও, সরকার ও সরকার পোষিত উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে বৃত্তিমূলক বিষয়ে কর্মরত শিক্ষকরা দীর্ঘ চার মাস বেতন পাচ্ছেন না বলে অভিযোগ উঠেছে। ন্যাশনাল স্কিলস্ কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক NSQF এর রাজ্য সম্পাদক শুভদীপ ভৌমিক অভিযোগ করেছেন, ১২ বছর ধরে এই শিক্ষকরা শিক্ষাদান করে এলেও তাদের মাইনে বকেয়া থাকছে। অবিলম্বে বকেয়া মেটানো, স্থায়ীকরণ এবং বেতন বৃদ্ধির দাবিতে তারা মুখ্যমন্ত্রীকে ই-মেল পাঠিয়েছেন বলেও শুভদীপবাবু জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর দমদম পুরসভার ১৩ নম্বর ওয়ার্ডের দেবীনগর এলাকায় বাড়ির মধ্যে বৃষ্টির জমা জলে ডুবে ৬ মাসের এক শিশু কন্যার মৃত্যু হয়েছে। আজ সকালে ঋষিকা ঘোড়ুই নামে ওই শিশু কন্যাকে খাটের ওপর ঘুম পাড়িয়ে রেখেছিলেন মা। সেই সময় শিশুটি হাঁটু সমান জমা জলে পড়ে যায়। তাঁকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। উল্লেখ্য, গত কয়েকদিনের বৃষ্টিতে ওই এলাকা জলমগ্ন।

এদিকে, উত্তর ২৪ পরগনার বাগদা থানার টাকশালি এলাকায় বাড়ির পেছনে জলাশয়ের মধ্য পড়ে ২ বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। খেলতে খেলতে ঘর থেকে বেরিয়ে ইভন সরকার নামে ওই শিশুটি জলাশয়ের কাছে চলে যায়। শিশুটিকে দীর্ঘক্ষণ খোঁজাখুঁজির পর জলাশয় থেকে তাকে উদ্ধার করে বনগাঁ মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে, চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

হুগলির কোন্নগরে তৃণমূল কংগ্রেস নেতা পিন্টু চক্রবর্তী ওরফে মুন্না-র খুনের ঘটনায় আজ সকালে তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। CCTV ফুটেজ দেখে এবং প্রত্যক্ষদর্শীদের বয়ানের ভিত্তিতে এদের ধরা হয়। এই ঘটনায় আটক হয়েছে আরও একজন। ধৃতদের আগামীকাল আদালতে তোলা হবে।

উল্লেখ্য, গত বুধবার সন্ধ্যায় তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য মুন্না, কানাইপুর অটো স্ট্যান্ডের কাছে নিজের গ্যাস অফিস থেকে বাড়ি ফিরছিলেন। সেইসময় হঠাৎই দুই দুষ্কৃতী ধারালো অস্ত্র দিয়ে তাঁকে এলোপাথাড়ি কোপ মেরে চম্পট দেয়। তাঁর দেহ থেকে একটা হাত প্রায় বিচ্ছিন্ন হয়ে যায়। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। জমি সংক্রান্ত বিবাদের জেরেই এই খুন বলে পুলিশের প্রাথমিক অনুমান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশসেবায় অবিস্মরণীয় অবদানের স্বীকৃতি স্বরূপ সম্মান জানানো হল শতায়ু ও নবতিপর প্রাক্তন বায়ুসেনা সদস্যদের। কলকাতার বিজয় দুর্গে ইস্টার্ন এয়ার কমান্ডের অ্যাডভান্স হেডকোয়াটারের তরফে এক ভাবগম্ভীর ও মর্যাদাপূর্ণ অনুষ্ঠানে এই সংবর্ধনার আয়োজন করা হয়। সম্মান জানানো হয় শতায়ু অবসরপ্রাপ্ত মাস্টার ওয়ারেন্ট অফিসার গণেশ চন্দ্র রায়, ফ্লাইট লেফটেন্যান্ট অমলেন্দু চক্রবর্তী এবং নবতিপর কর্পোরাল দীপক মিত্রকে। দেশের আকাশ প্রতিরক্ষায় তাঁদের একনিষ্ঠ কর্তব্যপরায়ণতা, সাহসিকতা ও ত্যাগের স্বীকৃতি স্বরূপ তাঁদের হাতে তুলে দেওয়া হয় স্মারক উত্তরীয়। তুলে ধরা হয় ভারতীয় বায়ুসেনার ইতিহাসে তাঁদের গুরুত্বপূর্ণ অবদানের কাহিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের ১৬৫-তম জন্মদিনে আজ নানা অনুষ্ঠানে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে। এই উপলক্ষে নবজাগরণের ২৬-তম প্রতিষ্ঠা দিবসে কলকাতার শিশির মঞ্চে এক অনুষ্ঠানে রাজ্যের শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু, মন্ত্রী ইন্দ্রনীল সেন, ক্রিকেটার ঝুলন গোস্বামী প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

ভারতীয় রসায়নের জনক আচার্য প্রফুল্ল চন্দ্র রায় তৎকালীন ইণ্ডিয়ান কেমিক্যাল সোসাইটি প্রতিষ্ঠা করেছিলেন। বিশিষ্ট এই রসায়নবিদ, শিক্ষক ও দার্শনিক, ১৯০১ সালে ‘বেঙ্গল কেমিক্যালস এন্ড ফার্মাসিউটিক্যালস ল্যাবরেটরি ওয়ার্কস’ও প্রতিষ্ঠা করেন।

আচার্য প্রফুল্ল চন্দ্রকে শ্রদ্ধা জানাতে রামমোহন লাইব্রেরী এন্ড ফ্রী রিডিং রুম এক সভার আয়োজন করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

কবি সুভাষ মেট্রো স্টেশন সংস্কারের কারনে চূড়ান্ত অসুবিধায় পড়া নিত্যযাত্রীদের সুবিধায় রাজ্য সরকার বিশেষ শাটল বাস পরিষেবা চালু করতে চলেছে। আগামী সোমবার থেকে দিনে দুই দফায় ৩২ আসনের এই বাস যাত্রীদের নিয়ে কবি সুভাষ ও প্রান্তিক শহীদ ক্ষুদিরাম মেট্রো স্টেশনের মধ্যে চলাচল করবে। সকাল ৮টা থেকে ১১টা ও বিকাল ৫টা থেকে ৮টা পর্যন্ত এই পরিষেবা পাওয়া যাবে বলে পরিবহন দপ্তর সূত্রে জানা গিয়েছে। পাশাপাশি কবি সুভাষ স্টেশনের কাজ দ্রুত শেষ করার জন্যে রাজ্য সরকারের তরফে মেট্রো কতৃপক্ষকে বলা হয়েছে।

উল্লেখ্য পিলারে ফাটল ধরা পড়ায় তা সংস্কার করতে কবি সুভাষ মেট্রো স্টেশন যাত্রীদের জন্যে ৯ মাস পর্যন্ত বন্ধ থাকতে পারে বলে মেট্রো কতৃপক্ষ জানিয়েছে।

oooooooooooooooooooooo

বিহার এবং সংলগ্ন হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গে একটি ঘূর্ণাবর্ত রয়েছে যার প্রভাবে আগামী তিন দিন উত্তরবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বেশি থাকবে। কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন। ভারী বৃষ্টির ফলে পাহাড়ি নদীগুলিতে জলস্তর বৃদ্ধি পেতে পারে। এছাড়াও ধস প্রবন এলাকাগুলির মানুষকে সতর্ক থাকতে বলা হয়েছে। তবে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ কম থাকবে।

oooooooooooooooooooooo

দমদম স্টেশনে লাইনের রক্ষণাবেক্ষণের কাজের জন্য আজ রাত ১০ টা ৫০মিনিট থেকে আগামীকাল রবিবার সকাল ৫ টা ৫০ মিনিট পর্যন্ত ৭ ঘণ্টা ট্র্যাফিক ব্লকের পরিকল্পনা নেওয়া হয়েছে। এই কারণে ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। শিয়ালদা-বনগাঁ এবং শিয়ালদা-নৈহাটির মধ্যে আজ একজোড়া করে ট্রেন বাতিল থাকবে। এছাড়া, রবিবার, শিয়ালদা থেকে কল্যাণী সীমান্ত, নৈহাটি, হাবড়া, বারাসাত, রানাঘাট, ও বনগাঁর মধ্যে একজোড়া করে এবং শিয়ালদা ও ডানকুনির মধ্যে চারজোড়া EMU লোকাল বাতিল থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০